গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

মেশিন রিডেবল পাসপোর্ট আবেদন ফরম পূরণে

প্রয়োজনীয় তথ্য ও নির্দেশিকা

যোগাযোগের ঠিকানাঃ

তথ্য ও পরামর্শ ডেস্ক

আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল।

ফোনঃ ০৪৮১-৬৩৪৪৯

website: www.dip.gov.bd

website: www.passport.gov.bd

e-mail: rponorail@passport.gov.bd

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

পাসপোর্ট সংক্রান্ত তথ্যাবলী

অনলাইনে পাসপোর্ট ফরম পূরণঃ

❖ পাসপোর্ট ফরম অনলাইনে পূরণ করে **submit** দিলে পাসপোর্ট অফিসে ডাটা এন্ট্রির প্রয়োজন হয় না। সরাসরি ছবি তোলা ও ফিংগারপ্রিন্টের কার্যাদি শেষে বিতরণ স্লীপ গ্রহণ করা যায়।

❖ ক্রমিক নং ১ ব্যতীত অন্যান্য ক্রমিক অবশ্যই ইংরেজীতে (CAPITAL LETTER দ্বারা) পূরণ করতে হবে।

একটি ফরম যাদের জন্য প্রযোজ্যঃ

❖ সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাষিত ও রাষ্ট্রায়ত্ত সংস্থার স্থায়ী কর্মকর্তা/ কর্মচারী ও তাদের স্বামী/স্ত্রী, এবং সরকারী চাকুরীজীবির নির্ভরশীল ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তান। এক্ষেত্রে নিজ নিজ প্রতিষ্ঠান থেকে অনাপত্তি সনদ দাখিল করতে হবে। এবং তাঁরা সাধারণ ফি জমা করে জরুরী সুবিধা পাবেন।

❖ সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাষিত ও রাষ্ট্রায়ত্ত সংস্থার স্থায়ী কর্মকর্তা/ কর্মচারী, যাদের প্রাসঙ্গিক জিও (GO) আছে।

❖ অবসরপ্রাপ্ত সরকারী চাকুরীজীবি ও তাদের স্বামী/স্ত্রী। তারা সাধারণ ফি জমা করে জরুরী সুবিধা পাবেন। এক্ষেত্রে অবসর গ্রহণের সনদ দাখিল করতে হবে।

❖ বৈধ পাসপোর্ট (মেয়াদ উত্তীর্ণ হয়নি এমন, তবে ইস্যুর তারিখ থেকে ১২ বছরের অনধিক) সমর্পণকৃতদের (সারেন্ডারড)জন্য এবং

❖ এমআরপি **Re-issue** এর ক্ষেত্রে।

দুইটি ফরম যাদের জন্য প্রযোজ্যঃ

❖ নতুন পাসপোর্টের জন্য ।

❖ ১২ বছর উত্তীর্ণ হাতে লেখা পাসপোর্টের ক্ষেত্রে।

❖ পূর্ববর্তী পাসপোর্টের স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে।

আবেদনকারীকে নিম্ন লিখিত দলিলাদি আবেদনপত্রে অবশ্যই সংযুক্ত করতে হবে:

- ❖জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহের (যেমনঃ ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) সত্যায়িত ফটোকপি।
- ❖অপ্রাপ্ত বয়স্ক (১৫ বছরের কম) আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারীর পিতা ও মাতার একটি করে রঙ্গিন ছবি (৩০× ২৫ মি.মি.) আঠা দিয়ে লাগানোর পর সত্যায়ন করতে হবে।

অন্যান্য নির্দেশাবলী

- ❖আবেদনকারীকে স্বশরীরে পাসপোর্ট অফিসে এসে আবেদন দাখিল এবং প্রি ও বায়োএনরোলমেন্ট করতে হবে। তবে পাঁচ বৎসরের নীচে শিশুদের **3 R** সাইজ ছবি **(background white)** নিয়ে আসতে হবে।

- ❖শিক্ষাগত বা চাকুরীসূত্রে প্রাপ্ত পদবিসমূহ(যেমনঃ ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডক্টর, পিএইচডি ইত্যাদি) নামের অংশ হিসাবে পরিগণিত হবে না।
- ❖ফরমের ক্রমিক নং ৩ পূরণের ক্ষেত্রে, একাধিক অংশ থাকলে প্রতি অংশের মাঝখানে ১টি ঘর শূণ্য রেখে পূরন করতে হবে। আবেদনকারীর পিতা, মাতা স্বামী/স্ত্রী মৃত হলে ও নামের পূর্বে মৃত/মরহুম/**Late** লেখা যাবে না।
- ❖পাসপোর্ট সমর্পণকৃতদের (সারেন্ডারড)আবেদনপত্রের সাথে অবশ্যই পূর্বের পাসপোর্ট নিয়ে আসতে হবে।
- ❖ছবি তোলার সময় সাদা পোশাক, সাদা টুপি এবং চোখে চশমা পরা যাবে না।

পাসপোর্টের ফিসঃ

- বর্তমানে এমআরপি পাসপোর্টের ক্ষেত্রে ৬৯০০/- টাকা জরুরী এবং ৩৪৫০/- টাকা সাধারণ ফিস হিসাবে প্রযোজ্য।
- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে ৩৪৫০/- টাকা ফি জরুরী ফি হিসাবে বিবেচিত হবে।

যে ব্যাংকে পাসপোর্ট ফি জমা দিবেন

- সোনালী ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, ট্রাষ্ট ব্যাংক, ব্যাংক এশিয়া, ওয়ান ব্যাংক, ঢাকা ব্যাংক

পাসপোর্ট প্রদানের সময়সীমাঃ

- মেশিন রিডেবল পাসপোর্টের ক্ষেত্রে সাধারণ ফিতে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ২১ কার্যদিবস (৩১ দিন) এবং জরুরী ফিতে ৭ কার্যদিবস (১১ দিন) এ পাসপোর্ট প্রদান করা হবে।

যে সকল ব্যক্তিগণ পাসপোর্টের আবেদনপত্র ও ছবি প্রত্যায়ন ও সত্যায়ন করতে পারবেন:

- সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, কাউন্সিলরগণ, গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্বিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলরগণ, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারি কলেজের অধ্যক্ষ, বেসরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারী পাবলিক ও আধা সরকারী/স্বায়ত্বশাসিত/ রাষ্ট্রায়ত্ত সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ।

কি কি কারণে পাসপোর্ট পেতে দেরী হয়ঃ

* পুলিশ প্রতিবেদন বিপক্ষে থাকলে।
* পুলিশ প্রতিবেদন বিলম্বে আসলে।
* স্থায়ী ও বর্তমান ঠিকানা ভিন্ন জেলা হলে। এক্ষেত্রে উভয় জেলা হতে পুলিশ প্রতিবেদন পেতে সময় লাগে।
*একই ব্যক্তি একাধিক অফিসে আবেদন করলে তার পাসপোর্ট প্রাপ্তি **AFIS (Automated Fingerprint Identification System)** জনিত কারণে বিলম্ব হয়। * জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ সঠিক না হলে অথবা অন্য কারো সনদ বা পরিচয়পত্রের সাথে মিলে গেলে **Demographic Reject** হয়। এতে করে পাসপোর্ট প্রাপ্তিতে বিলম্ব হয়।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক নির্দেশিত ই-সেবার উদ্যোগ ও উদ্ভাবনের বাস্তবায়ন

ক) অনলাইনে ডাটা এন্ট্রির জন্য উদ্বুদ্ধকরণ
খ) অনলাইনে পাসপোর্টের স্ট্যাটাস যাচাইকরণ
গ) ডিজিটাল ডিসপ্লে বোর্ডের মাধ্যমে সেবার তথ্য উপস্থাপন
ঘ) ডিজিটাল সাইন বোর্ড স্থাপিত
ঙ) সিটিজেন চার্টার অফিসের সম্মুখে প্রদর্শিত
চ) সিসি ক্যামেরা ও সিসি টিভি দ্বারা অফিস নিয়ন্ত্রিত
ছ) হেল্প ডেস্ক থেকে সেবা প্রদান অব্যাহত
জ) পর্যাপ্ত পাসপোর্ট আবেদন ফরম বিতরণ
ঝ) ফরম পূরণের প্রয়োজনীয় তথ্যপত্র ও নির্দেশিকা বিতরণ
ঞ) বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা
ট) পর্যাপ্ত অপেক্ষমান চেয়ার
ঠ) নোটিশ বোর্ড স্থাপনপূর্বক পূরণকৃত ফরমের নমুনা প্রদর্শন

সৌজন্যে ঃ
সহকারী পরিচালক
আঞ্চলিক পাসপোর্ট অফিস,
নড়াইল ।